

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২৮, ১৯৯৪

৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং করপোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও
নোটিশসমূহ।

ক্যান্টনমেন্ট বোর্ড

ঢাকা ক্যান্টনমেন্ট

প্রজ্ঞাপন

তারিখ, ২৬শে কাতিক ১৪০১/১০ই নভেম্বর ১৯৯৪

এস, আর ও নং ৩২২-আইন/৯৪—Cantonments Act, 1924 (Act II of 1924) এর section 186-এ প্রবৃত্ত ক্ষমতাবলে ঢাকা সেনানিবাস নিয়ন্ত্রণ উপ-আইন, যাহা উক্ত Act এর section 284 এর বিধান মোতাবেক সরকার কর্তৃক অনুমোদিত এবং প্রাক প্রকাশিত হইয়াছে, প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই উপ-আইন ঢাকা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন ১৯৯৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই উপ-আইনে—

(ক) “আইন” অর্থ Cantonment Act, 1924 (Act II of 1924),

(খ) “এক্সিকিউটিভ অফিসার” অর্থ ধারা ১০ এর অধীন নিযুক্ত Executive Officer,

(গ) “ধারা” অর্থ আইনের কোন Section,

(ঘ) “নকশা” অর্থ অনুচ্ছেদ ৩(২) এর অধীন তৈরীকৃত নকশা,

(ঙ) “ক্যান” অর্থ এই উপ-আইনের সহিত সংযোজিত ফরম,

(চ) “বোর্ড” অর্থ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড,

(ছ) “সাইট” অর্থ ভবন নির্মাণের জন্য নির্দিষ্ট সীমারেখা বিশিষ্ট কোন স্থান।

- ৩। ভবন নির্মাণ, পুনঃনির্মাণ বা সংস্কারের বিজ্ঞপ্তি।—(১) কোন ভবন নির্মাণ, পুনঃনির্মাণ বা সংস্কারে ইচ্ছুক প্রত্যেক ব্যক্তি করম ক-তে আবেদন করিবেন।
- (২) অনুচ্ছেদ (১) এর অধীনে পেশকৃত আবেদনে নিম্নবর্ণিত ডকুমেন্ট ও তথ্যাদি থাকিতে হইবে, যথা :—
- যে ভূমির উপর ভবন নির্মাণ, পুনঃনির্মাণ বা সংস্কার করা হইবে উহার একটি সাইট প্ল্যান,
 - প্লট করম, ব্যালকনিসহ বিদ্যমান ভবন, যদি থাকে এর নকশাসহ প্রস্তাবিত ভবনের বিস্তারিত বর্ণনা এবং এলিভেশন ও সেকশন দেখাইয়া একটি প্ল্যান,
 - প্রস্তাবিত ভবনের কাঠামোগত নকশার (Structural design) বিস্তারিত গাণিতিক বিশ্লেষণ,
 - একজিকিউটিভ অফিসার কর্তৃক এতদুদ্দেশ্যে নির্দেশিত যে কোন তথ্য,
 - আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত প্রস্তাবিত ভবনের নকশার সাত ফর্ড ব্লু প্রিন্ট বা এমোনিয়া প্রিন্ট।
- (৩) সাইট এবং ভবনের প্রস্তাবিত, বিদ্যমান ও ভাংগিয়া ফেলার কাছকে যথাযথে নাল, কালো, বা সাদা এবং হলুদ রংগে চিহ্নিত করিতে হইবে।

৪। স্থপতির স্বাক্ষর।—এই উপ-আইনের অধীন অনুমোদনের জন্য পেশকৃত সকল নকশা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে অনুমোদিত স্থপতি কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

৫। সাইট প্ল্যান।—সাইট প্ল্যান অন্তত ১০০' ৬৫ মিটার সমান ২৫ মিলি মিটার স্কেলে আঁকিতে হইবে এবং উক্তরূপে স্কেলে আঁকিত সাইট প্লানে নিম্নরূপ বিষয়াদি স্পষ্ট-রূপে চিহ্নিত করিতে হইবে, যথা :—

- উত্তর কোনের চিহ্ন,
- যে সাইটের উপর ভবা নির্মাণ বা পুনঃনির্মাণ করা হইবে সেই সাইটের সীমানা,
- সাইটের সীমানার প্রস্তাবিত ভবনের অবস্থান,
- যে ভবন নির্মাণ বা পুনঃনির্মাণ করা হইবে উহার ভিত্তর ও বাহিরের জন্য যে বোনা জায়গা রাখা হইবে উহা,
- ভবনের সীমানার মধ্যকার সকল বহিঃবাড়ী, গ্যারেজ, গোয়ালঘর, আন্দাঘর, শৌচাগার, নর্দমা এবং অন্যান্য আনুষংগিক ঘরের অবস্থান, আকৃতি ও আয়তন,
- যে এলাকা প্রস্তাবিত প্রধান ভবন এবং আনুষংগিক ভবন দ্বারা পরিবাণ্ড হইবে,
- সকল পার্শ্ববর্তী রাস্তা, ফাঁকা জায়গা ও নর্দমার অবস্থান,
- সম্মিহিত বাড়ী ঘর অথবা অট্টালিকা, নদ্বরসহ, যদি থাকে এবং সাইট যে সকল রাস্তার প্রান্ত সংলগ্ন হয় সেইসকল রাস্তার নামসহ, যদি থাকে, প্রণয়িত,

- (খ) গেজিট কর্তৃক নির্দিষ্টকৃত এলাকা বা ভূরেকা, বাজার এলাকাসহ বেসামরিক এলাকার ভবন ক্ষেত্রে, অফিস ও মোজার নাম এবং চতুষ্পাশ্ব সন্নিহিত পুষ্টির নথরগহ সি, এস, আর, এস, ইত্যাদি নথর,
- (গ) বাজার এলাকা ব্যতীত অন্য যে সকল বেসামরিক এলাকার কোন রাস্তা নাই সেই সকল এলাকার ক্ষেত্রে, রাস্তার প্রয়োজন মেটাতে জমির যে সকল মালিক ক্ষতিগ্রস্ত হইবেন তাহাদের অনাপত্তি সার্টিফিকেটগহ প্রস্তাবিত প্রবেশ পথ,
- (ঘ) সন্নিহিত ভবনে সন্মুখভাগের লাইনগহ,
- (ঙ) সাইট যে রাস্তার প্রান্ত সংলগ্ন হইবে সেই রাস্তার পরিধিক্ষেত্রে সাইটের লেভেল,
- (চ) যে পদ্ধতিতে ছাদ এবং ঘর ও ভূপৃষ্ঠের পানি বাহিত হইবার ব্যবস্থা করা হইবে সেই পদ্ধতি উল্লেখপূর্বক নর্নামগহের সার্টিফিকেটগহ (এলাইনমেন্ট)।

৬। ভবন নকশা (বিল্ডিং প্লান)।—এলিমেন্টগহ ভবনের প্লান অনুন ২' ৪৪ নিচায় ক্ষেত্রে আঁকিতে হইবে এবং নিম্নোক্ত বিষয়গুলি উহাতে উল্লেখ করিতে হইবে, যথা :—

- (ক) ভবনের বাহ্যিক আয়তন,
- (খ) ভবনে তলার সংখ্যা ও উহাদের পরিমাণ,
- (গ) ভবনের প্রধান দেওয়ালগুলির বাইরের সকল অভিক্ষেপের (প্রজেকশন) অবস্থান ও আয়তন,
- (ঘ) বিস্তারিত আর সি সি বিবরণগহ সকল বীম, রেকটার, ছাদের দ্রাব এবং অন্য সকল অবলম্বনের গুরুত্ব ও গঠন,
- (ঙ) সকল কক্ষের আয়তন এবং প্রতি কক্ষের দরজা, জানালা ও ভেন্টিলেটরের অবস্থান,
- (চ) যে উদ্দেশ্যে ভবন ব্যবহার করা হইবে উহা,
- (ছ) ভিত্তির লেভেল ও প্রপত্ততা এবং প্রস্তাবিত ভবনের সন্মুখভাগ যেই রাস্তার প্রান্ত সংলগ্ন হইবে সেই রাস্তার মধ্যভাগের লেভেলের উল্লেখগহ নীচ তলার লেভেল।

৭। প্লট সম্পর্কিত স্বত্ব দলিল উপস্থাপন।—ভবন নির্মাণ অথবা পুনঃনির্মাণ অথবা ভবনের সংযোজন বা পরিবর্তনকারী ব্যক্তি প্রয়োজনবোধে ভবনের প্লট সম্পর্কিত সকল স্বত্ব দলিল উপস্থাপন করিবেন।

- ৮। ভবন নির্মাণ, পুনঃনির্মাণের ক্ষেত্রে পালনী শর্তাবলী।—(ক) ইमारতের সমুখ, পশ্চাতে এবং পাশে যে পরিমাণ স্থান উন্মুক্ত রাখিতে হইবে তাহা নিম্নরূপ ভাবে মোতাবেক নির্ধারণ করিতে হইবে:

তালিকা

ক্রমিক নং	সাইটের আয়তন	ইमारতের সমুখের সীমানা হইতে	ইमारতের পশ্চাৎ দিকের সীমানা হইতে	ইमारতের দুই পাশের সীমানা হইতে
১।	দুই কাঠা পর্যন্ত	১' ৫ মিটার	১' ৫ মিটার	০' ৯১ মিটার
২।	তিন কাঠা পর্যন্ত	১' ৫ মিটার	১' ৫ মিটার	১' ২৫ মিটার
৩।	চার কাঠা পর্যন্ত	১' ৫ মিটার	১' ৭৫ মিটার	১' ২৫ মিটার
৪।	পাঁচ কাঠা পর্যন্ত	১' ৫ মিটার	২' ৫০ মিটার	১' ২৫ মিটার
৫।	পাঁচ কাঠার অধিক	১' ৫ মিটার	৩' ০০ মিটার	১' ২৫ মিটার

(খ) বাউণ্ডারী ওয়ালের উচ্চতা রাস্তার নেভেল হইতে ২' ০০ মিটারের অধিক হইবে না।

(গ) পাঁচ তনার অধিক ইमारত নির্মাণ করা যাইবে না।

৯। সাধারণ এলাইনমেন্ট।—(১) ভবনের কোন অংশ রাস্তার জন্য নির্ধারিত সাধারণ এলাইনমেন্টের বাহিরে উৎপত্ত হইবে না এবং যানবাহনের উদ্দেশ্যে কোন চোরা কোণের নির্মাণ অনুমোদন করা যাইবে না।

(২) গেটের গাটার রাস্তার বাহিরের দিকে পুলিশের ব্যবস্থা রাখিতে দেওয়া যাইবে না।

(৩) কোন ব্যক্তি প্রতিরক্ষা স্থাপনা হইতে ৪৫৭' ৫০ মিটার এর মধ্যে কোন ভবন, পাকা, আধাপাকা অথবা কাঁচা, নির্মাণ করিতে পারিবে না।

(৪) প্রতিরক্ষা স্থাপনার ৯১' ৫০ মিটারের মধ্যে অবস্থিত ভবনের আঙ্গিনা বা আশে-পাশে কোন ঘোপ বা ক্ষুদ্র বৃক্ষের গাছ অথবা বৃক্ষ লাগানো যাইবে না। তবে শর্ত থাকে যে, বাগান করিবার ক্ষেত্রে এই বাধা নিষেধ প্রযোজ্য হইবে না।

১০। শৌচাগার, ভূতাবাস ও গ্যারেজের ব্যবস্থা।—(১) মনুষ্য বসবাসের জন্য নিমিত্ত ভবনের সহিত, প্রয়োজনবোধে সংযুক্তভাবে বা অংশ হিসাবে এক বা একাধিক শৌচাগার নির্মাণ করা যাইবে।

(২) গৌনলক্ষ্যনা ও পারখানার ব্যবস্থাসহ প্রত্যেক ভবনে মূনপক্ষে একটি ভূতাবাস বা ভূতাক রাখিতে হইবে। তবে উহার দরজা বা জানালা পার্শ্ববর্তী প্রুটের দিকে রাখা যাইবে না।

(৩) প্রত্যেক ভবনে অন্ততঃপক্ষে একটি যথোপযুক্ত আয়তনের গ্যারেজ থাকিবে।

(৪) কোন বাড়ীর গ্যারেজ এর নীচে স্ম্যারেজ লাইন, সেপাট ট্যাংক ও লোককূপ নির্মাণ করা যাইবে।

(৫) ৩ (তন) কাঠা হইতে ক্ষুদ্র আকারের প্রুটের ইमारতের ক্ষেত্রে উপরোক্ত শর্তাবলী বোর্ড কর্তৃক শিথিল করা যাইবে।

১১। গ্যারেজ।—(১) গ্যারেজের উচ্চতা মেঝে হইতে ২·১৩ মিটারের কম এবং ২·৪৪ মিটারের বেশী হইবে না এবং গ্যারেজের মেঝে অভেদ্য হইতে হইবে।

(২) বোর্ড সমর সমর যেকোন নির্দেশ প্রদান করিবে প্রত্যেক গ্যারেজে সেইরূপ প্রচুর বায়ু চলাচল এবং আলোর ব্যবস্থা করিতে হইবে।

(৩) কোন গ্যারেজকে ব্যবসায়ের কক্ষ হিসাবে ব্যবহার করা যাইবে না।

(৪) রাস্তা হইতে সরাসরি গ্যারেজে প্রবেশের ব্যবস্থা রাখা যাইবে না।

১২। সিঁড়ির বাপ নির্মাণ।—নিম্নলিখিত ভবনের সিঁড়ির বাপ এইভাবে নির্মাণ করিতে হইবে। যাহাতে উহা জন-নাগরিকের ব্যবহৃত রাস্তা এ নর্দমা অতিক্রম না করে।

১৩। রান্নাঘর, গোসলখানা ইত্যাদি সম্পর্কিত বিধান।—(১) প্রত্যেক আবাসিক ভবনের প্রতিটি রান্নাঘর ও ষ্টোররুমের পরিমাণ অন্তত ১·৫২ মিটার প্রশস্ততাসহ ০·৯৩০ বর্গ মিটারের প্রতিটি গোসলখানার পরিমাণ অন্তত ১·২২ মিটার প্রশস্ততাসহ ১·৮৬ বর্গ মিটার কম হইবে এবং পানি সংরক্ষণের প্রতিটি প্রকোষ্ঠের পরিমাণ অন্তত ০·৯২ মিটার প্রশস্ততাসহ ১·১১ বর্গ মিটারের কম হইবে না।

(২) অনুচ্ছেদ (১) এ উল্লিখিত রান্নাঘর, ষ্টোররুম, গোসলখানা ও পানি সংরক্ষণ প্রকোষ্ঠের উচ্চতা প্লিন্থ মেজেলের উপর ২·১৫ মিটারের কম হইবে না।

(৩) ভিত্তি কাঠামো কম প্রুটের উপর নির্মিত ভবনের ক্ষেত্রে এই উপ-আইনের শর্তাবলী শিথিল করা যাইতে পারে।

১৪। আবাসিক ভবনের করিডোর ব্যস্থা।—(১) আবাসিক ভবনের সকল করিডোর বা বাতাসীতে ব্যবস্থায় পর্যাপ্ত আলো থাকিতে হইবে।

(২) কোন করিডোর বা বাতাসীতে ব্যবহার পরিমাণ ০·৯১ মিটারের কম প্রশস্ত হইবে না।

১৫। পায়খানার পর্দা।—১·৮৩ মিটার উচ্চ পর্দা দেওয়াল দ্বারা আড়াল করা না থাকিলে সর্বসাধারণের চলাচলের পথ কিংবা মেজের দিকে কোন পায়খানার দরজা খোলার ব্যবস্থা রাখা যাইবে না।

১৬। প্লিন্থ মেজেল।—নিম্নলিখিত কোন রাস্তার সন্নিহিত অংশের সর্বোচ্চ বিদ্যুৎ হইতে ০·৪৫ মিটার কম উচ্চতার প্লিন্থ মেজেল কোন ভবন বা ভবনের কোন অংশ নির্মাণ করা যাইবে না।

১৭। সিঁড়ি আলো ও বায়ু।—আবাসিক প্রত্যেক ভবনের সিঁড়িতে পর্যাপ্ত আলো ও বায়ু চলাচলের ব্যবস্থা থাকিতে হইবে।

১৮। সরকারী ভবনের জন্য বিশেষ বিধান।—(১) সরকারী ভবনের হল, লবি, করিডোর, বাগান, গ্যালারীর তদনুসারে এবং চাতাল অবাধ্য পর্যাপ্ত দ্বারা নিমাণ করিতে হইবে।

(২) প্রত্যেক সরকারী ভবনের সিঁড়ির ধাপ এবং উচ্চতা একইরূপ প্রদেয় হইবে এবং প্রস্থ ০' ৩০৫ মিটারের কম ও ০' ১৫ মিটারের অধিক হইবে না।

(৩) সরকারী ভবনের ছাদ কোন অসহ্য পদার্থের আবরণযুক্ত রি-ইনফোর্সড কংক্রিট অথবা ট্রাকচার স্ট্রল স্ক্রিম দ্বারা নির্মাণ করিতে হইবে।

(৪) এতদসম্পর্কে বোর্ডের ভিন্নতর নির্দেশ না থাকিলে, পর্যাপ্ত প্রাকৃতিক আলো এবং স্বাভাবিক চলনসহ রি-ইনফোর্সড কংক্রিট ও অন্যান্য অসহ্য পদার্থ দ্বারা প্রত্যেক সরকারী ভবনের সিঁড়ি নির্মাণ করিতে হইবে। সিঁড়ির ধাপের নিম্নতম অন্তর ০' ২৫ মিটার প্রস্থ হইবে এবং উচ্চতা ০' ১৯ মিটারের বেশী হইবে না, এবং সিঁড়ির এক পার্শ্বে অগ্নিহীন হ্যাণ্ড রেইলের ব্যবস্থা করিতে হইবে।

(৫) যদি সমগ্র ভবন ২০০ জনের অধিক অথবা যে কোণা একক তলা ১০০ জনের অধিক ব্যক্তি কর্তৃক ব্যবহৃত হয়, তাহা হইলে সিঁড়িসমূহ প্রস্থে ১' ২২ মিটার হইতে ১' ৩৭ মিটার পর্যন্ত বৃদ্ধি করা হইবে।

(৬) কোন সরকারী ভবনের ৪০০ ব্যক্তির অধিক ব্যক্তি ধকার সংস্থান থাকিলে উহার যে কোন অংশের সহিত যোগাযোগের জন্য প্রত্যেকটি সিঁড়ি, আভ্যন্তরীণ করিডোর অথবা চলাচলের পথ প্রত্যেক ১০০ ব্যক্তির জন্য ১' ৯৮ হইতে ২' ৪৪ মিটার হইতে পারিবে।

(৭) সরকারী ভবনের সকল নির্মাণ পথের দরজা বাহিরের দিকে খুলিবার ব্যবস্থা থাকিবে এবং উহা কমপক্ষে ১ মিটার প্রস্থ হইতে হইবে এবং অগ্নিকাণ্ডজনিত দুর্ঘটনার সময় বাহির হইয়া পড়িবার জন্য পর্যাপ্ত ব্যবস্থা রাখিতে হইবে।

(৮) কোন সরকারী ভবনের সিঁড়ি, আভ্যন্তরীণ করিডোর এবং চলাচলের পথ ১' ৮৩ মিটার প্রস্থের কম হইবে না :

তবে শর্ত থাকে যে, যে ভবনে দুইশত ব্যক্তির অধিক ধকার সংস্থান নাই সেই ভবনের সিঁড়ি আভ্যন্তরীণ করিডোর অথবা চলাচলের পথের প্রস্থ ১' ৩৭ মিটারের কম হইতে পারিবে না।

১৯। কারখানা।—কারখানা হিসাবে ব্যবহারের উদ্দেশ্যে নিম্নলিখিত ভবনের ক্ষেত্রে নিম্নলিখিত ব্যবস্থাাদি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) কারখানা নির্মাণের সাইট অথবা যে ভবন কারখানা হিসাবে ব্যবহার করা হইবে উহার অনুমোদনের জন্য বোর্ডের নিকট আবেদন করিতে হইবে।

(খ) বোর্ড কর্তৃক বিশেষভাবে বহুতল বিশিষ্ট ভবন নির্মাণের অনুমতি দেওয়া না হইলে, কারখানা ভবন একতলা বিশিষ্ট হইবে।

(গ) কারখানার জন্য নির্মিত ভবনের জানালা থাকিবে না এবং অবতরণ স্থলসহ কোন সিঁড়িতে ১৫টির অধিক ধাপ থাকিবে না।

(ঘ) কারখানা ভবনের বাহিরে সিঁড়িসমূহে কমপক্ষে ১' ০৬ মিটার উচ্চ রেলিং থাকিতে হইবে এবং রেলিং এর ছোট ছোট খাম বা শিক থাকিলে ৩৬ খাম বা শিকের মধ্যকার দূরত্ব ০' ১৫ মিটারের অধিক হইবে না।

- (ঙ) দৃষণের ভয় নাই এমন স্থানে খাবার পানির সঞ্চয়-আধার নির্মাণ করিতে হইবে এবং সঞ্চয় আধারের গায়ে রংগিন অক্ষরে খাবার পানি শব্দগুলি লেখা থাকিবে,
- (চ) পানির ঝর্ণা মেঝে হইতে অন্ততঃপক্ষে ০'৯১ মিটার উপরে উর্ধ্বমুখী থাকিবে এবং পানির ঝর্ণাসমূহ কমপক্ষে ০'৯১ মিটার দূরে দূরে স্থাপন করিতে হইবে,
- (ছ) বোর্ড যেভাবে প্রয়োজন মনে করিবে কারখানা ভবনে সেইরূপ আলো এবং ষায় চলাচলের ব্যবস্থা করিবার নির্দেশ দিবে এবং বোর্ডের নির্দেশ কারখানা কর্তৃপক্ষ পালন করিতে বাধ্য থাকিবে।

২০। দোকান—দোকানের ক্ষেত্রে নিম্নবর্ণিত ব্যবস্থাদি অনুসরণ করিতে হইবে, যথা :—

- (ক) দোকানের সাথে অফিস বা ষ্টোর প্রয়োজন সেইক্ষেত্রে গিমুরূপে একটি গ্যালারী অথবা চিলে কোঠা নির্মাণ করা যাইতে পারে তবে প্লিন্থ লেভেলের উপরে ৩'৬৬ মিটারের কম উচ্চ সিলিং বিশিষ্ট দোকান গ্যালারী বা চিলে কোঠা নির্মাণের অনুমতি দেওয়া যাইবে না।
- (খ) দোকানের সমগ্র গ্যালারী অথবা চিলে কোঠার আয়তন উক্ত দোকানের বেষ্টির আয়তনের এক তৃতীয়াংশের বেশী হইবে না,
- (গ) প্রত্যেক গ্যালারী অথবা চিলে কোঠার নীচের দোকানের বেষ্টির উপরে ১'৮৩ মিটারের কম হইবে না অথবা গ্যালারী বা চিলে কোঠার মেঝে এবং দোকানের সিলিং এর সম্ভাব্যতী স্থান ১'৫২ মিটারের কম হইবে না।
- (ঘ) রেলিং এর জন্য বা স্তম্ভ অংশ ব্যতীত উক্তরূপ প্রত্যেক গ্যালারী বা চিলে কোঠা খোলা থাকিবে,
- (ঙ) উক্তরূপ প্রত্যেক গ্যালারী বা চিলে কোঠায় অদাহ্য পদার্থ দ্বারা নিশিত একটি নই দোকানের ভিতরে স্থাপিত হইবে,
- (চ) প্রত্যেক দোকানে পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা করিতে হইবে,
- (ছ) যদি বাস্তব পাশের দোকানের পিছনভাগে উন্মুক্ত আকাশ ব্যতীত অন্য কোন খোলা ছায়গা না থাকে তবে সম্ভব হইলে বায়ু চলাচলের পথ, স্কাইলাইট, ফ্লক ভেন্টিলেটর ইত্যাদির ব্যবস্থা করিতে হইবে।
- (জ) বোর্ডের পূর্ণানুমতি ব্যতিরেকে এবং তৎকর্তৃক নির্ধারিত শর্ত পূরণ না করিয়া কোন দোকান কক্ষ বসবারের কক্ষ হিসাবে ব্যবহার করা যাইবে না।

২১। নির্মাণের বিভিন্ন পর্যায় নির্বাহী কর্মকর্তার নিকট প্রেরিত বা নোটিশ।—(১) বোর্ড অনুমোদন জ্ঞাপন করিয়াছে এইরূপ ভবন নির্মাণ বা পুনঃনির্মাণ করিতে অথবা এইরূপ কোন কাজ বাস্তবায়ন করিতে নির্মাণ, পুনঃনির্মাণ বা বাস্তবায়নকারী ব্যক্তি ভিত্তি স্থাপনের এবং ছাদ করা এবং ছাদের চলাই করার সময় ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে বিধিতভাবে অবহিত করিবেন,

(২) অনুচ্ছেদ (১) এর অধীন অবহিত হওয়ার পর ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার যথাযথ প্রকৌশলীর দ্বারা সংশ্লিষ্ট ভবন বা কাজ পরিদর্শন করাইবার ব্যবস্থা কার্যকর,

(৩) ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার অথবা তাহার মনোনীত প্রতিনিধি কর্তৃক পরিদর্শনকালে নির্মাণ কাজে কোন ত্রুটি ধরা পড়িলে তিনি লিখিতভাবে উহা সংশোধনের জন্য ৭২ ঘণ্টার মধ্যে নালিশ অথবা তাহার প্রতিনিধিকে অবহিত করিবেন,

(৪) চূড়ান্ত পরিদর্শনের পর সংশ্লিষ্ট প্রকৌশলী এই মর্মে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে একটি সার্টিফিকেট প্রদান করিবেন যে, আবশ্যিক নির্দেশনামূহ অনুযায়ী বাড়ী নিমিত হইয়াছে এবং ভবনের মালিক কর্তৃক ভবন নির্মাণ সংক্রান্ত সকল প্রচলিত নিয়মাবলী অনুসরণ করা হইয়াছে,

(৫) অনুচ্ছেদ (৪) এর অধীন সার্টিফিকেট প্রাপ্তির পর ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, স্বাস্থ্য কর্মকর্তা এম.ই.ও কর্তৃক সংশ্লিষ্ট ভবন চূড়ান্ত পরিদর্শন করা হইবে এবং তাহার এই মর্মে লিখিত মন্তব্য প্রকাশ করিবেন যে, বাড়ী সঠিকভাবে নিমিত হইয়াছে।

২২। ভবনের মান ও কারিগরী শর-দায়িত্ব।—ভবনের নির্মাণ, পুনঃনির্মাণ বা বিদ্যমান ভবনের সংস্কারী ভবন নির্মাণে ব্যবহৃত সামগ্রীর নিখুঁত ও উচ্চমানের হওয়া সম্পর্কে নিশ্চিত করিবেন এবং তৎসম্বন্ধে দায়ী থাকিবেন।

২৩। পরিদর্শনের উদ্দেশ্যে ভবন ছেদা করা, বিদীর্ণ করা অথবা ধোঁয়া রাখা বাইতে পারে—
(১) কোন ভবন নির্মাণ বা পুনঃনির্মাণের সময় যদি কোন ভবনের ব্যাপারে এইরূপ সমস্যার কারণ থাকে যে, ভবন নির্মাণ বা পুনঃনির্মাণের সময় এনালিইজ করা হইয়াছে বাহা আইন বা তত্ববিনে প্রাপ্ত কোন বিধানের পরিপন্থী, তাহা হইলে সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় তত্ত্বের পর উক্ত আইন বা বিধানের পরিপন্থী ব্যবস্থা দূর করার স্বার্থে ভবনের যে কোন অংশ ছেদা করিতে, বিদীর্ণ করিতে বা ধুলিয়া ফেলিতে পরিদর্শনকারী কর্মকর্তা বনিতে পারে।

(২) অনুচ্ছেদ (১) অনুযায়ী ব্যবস্থা গ্রহণের পর যদি ইহা প্রতীয়মান হয় যে, উক্তরূপে সমস্যা অনুলুপ ছিল, তাহা হইলে ভবনের ক্ষতি পূরণের জন্য বোর্ড কর্তৃক ক্ষতিপূরণ দেওয়া হইবে।

২৪। ভবন নির্মাণ কাজের সময় নির্ধারণ।—একজিকিউটিভ অফিসারের অনুমোদন ব্যতিরেকে কোন ব্যক্তি কোন ভবনের নির্মাণ বা পুনঃনির্মাণ ইত্যাদি কাজ, বাহা পার্শ্ব-বর্তী এলাকার লোকের বিরক্তির কারণ ঘটায় বা ঘটাইতে পারে, সুর্ধাস্তের পরে এবং সুর্ধাস্তের আগে করিতে পারিবেন না।

২৫। বাড়ীর নর্দমা, ইত্যাদি—বাড়ীর বর্জ্য অথবা নোংরা পানি সরানোর উদ্দেশ্যে নিমিত নর্দমা ভবনের ৩০-৫০ ফিটের মধ্যে অবস্থিত পাবলিক নর্দমার সহিত সংযুক্ত করিতে হইবে এবং অনুরূপ পাবলিক নর্দমা না থাকার ক্ষেত্রে বাড়ীর বর্জ্য নোংরা পানি নিষ্কাশনের জন্য ভবনের মালিক প্রয়োজনীয় নির্গমন পথ নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করিবেন।

২৬। সিনেমা হল নির্মাণ।—(১) কোন ব্যক্তি সেনানিবাস সীমানার মধ্যে সিনেমা হল নির্মাণের ইচ্ছা করিলে বোর্ডের সহিত পূর্বেই পরামর্শ করিয়া হল নির্মাণের নির্ধারিত স্থান নির্ধারণ করিবে।

(২) সিনেমা হলের প্ল্যান এবং নকশা উক্ত বিষয়ে বিশেষজ্ঞগণ কর্তৃক প্রস্তুত করিতে হইবে এবং তাহা আধুনিক সিনেমা হলের প্রয়োজনসমূহের শর্তানুযায়ী হইতে হইবে।

২৭। অনুমোদিত নির্মাণের কারণে বোর্ড কর্তৃক গৃহীত কার্যক্রম।—বোর্ডের অনুমতি ব্যতীত কোন ভবন নির্মাণ বা পুনঃনির্মাণ অথবা ভবনের পরিবর্তন করা হইলে অথবা অনুমোদিত প্লানের বিচ্যুতি ঘটাইলে বোর্ড আইনের ১৮৫ ধারা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

ফরম ক

ধারা ৩ প্রক্ৰম

(১৯২৪ সালের ক্যান্টনমেন্ট এ্যাক্ট এর ১৭৯ ধারার অধীন ইমারত নির্মাণ/পুনঃ নির্মাণ/সংস্কার করার জন্য নকশা অনুমোদনের দরখাস্তের ছক)

১। দরখাস্তকারীর পূর্ণ নাম :

২। দরখাস্তকারীর পূর্ণ ঠিকানা
(ক) বর্তমান ঠিকানা :
(খ) স্থায়ী ঠিকানা :

৩। যে দাগ/প্লটে ভবন নির্মাণ/পুনঃ নির্মাণ করা হইবে উহার বিবরণ
(ক) মহল্লার নাম :
নং/প্লট নং :
(গ) খতিয়ান নং :
(ঘ) মৌজার নাম :
(ঙ) রাস্তার নাম/নম্বর :
(চ) স্ট্রিট নং :
(ছ) জমির পরিমাণ :
(জ) দরখাস্তকারী কি সূত্রে জমি অর্জন করিয়াছেন (নাজিকানা সত্বে পক্ষে কাগজাদি সংযুক্ত করিতে হইবে)। :

- (ক) বন্টনগুণে জমি অজিত হইয়া :
 থাকিলে দাগের অন্যান্য শরীকদের
 নাম ও অংশের পরিমাণ
 ১।
 ২।
 ৩।

৪। সাইটের বিবরণ :

- (ক) সাইটের আয়তন :
 (খ) সাইটের চৌহদ্দি :
 (অ) উত্তরে :
 (আ) দক্ষিণে :
 (ই) পূর্বে :
 (ঈ) পশ্চিমে :
 (গ) আস্তাবল, গোয়ালঘর ইত্যাদিগহ :
 সাইটের যে পরিমাণ আচ্ছাদিত
 থাকিবে উহার পরিমাণ :
 (ঘ) প্রস্তাবিত ভবন তলার সংখ্যা এবং :
 পরিমাণ :
 (ঙ) প্রস্তাবিত ভবনের রান্নাঘর, সিঁড়িঘর, :
 পায়খানা, গৌসলখানা ইত্যাদির
 পরিমাণ :
 (চ) সাইটের নিকটস্থ রাস্তার বিবরণ :
 (অ) নাম :
 (আ) অবস্থান (কোন দিকে) :
 (ই) দূরত্ব :
 (ঈ) বিস্তার :
 (ছ) নিকটস্থ রাস্তা হইতে প্রস্তাবিত :
 ভবনের যাতায়াতের ব্যবস্থা :
 (জ) মাটি পরীক্ষা (Soil test) :
 অনুযায়ী মাটির প্রকৃতি :
 (ঝ) ছাদের ধরন :
 (ঞ) প্রস্তাবিত ভবন নির্মাণের উদ্দেশ্য :
 ও ব্যবহার :
 (ট) প্রস্তাবিত ভবনের মাথে সেপটিক :
 ট্যাংকের ব্যবস্থা আছে কি না :

- (ঠ) এলাকার মল নিষ্কাশনের কোন নালা :
 আছে কি না, থাকিলে
- (জ) উক্ত নালা হইতে সাইটের :
 দূরত্ব
- (ঝা) উক্ত নালায় সহিত দরখাস্তকারীর :
 পায়খানার সংযোজন স্থাপন
 সম্ভব কি না
- (ড) প্রস্তাবিত নির্মাণের প্রাক্কলিত ব্যয় :

আমি..... ভবন নির্মাণ/পুনঃ নির্মাণ/সংস্কার কার্যের
 অনুমোদনের জন্য প্রয়োজনীয় নকশার ৭ (সাত) ফর্দ এবং এতদঙ্গেশ্যে প্রদত্ত ফি এর রশিদ
 নং..... তারিখ..... সংযুক্ত করিয়া আবেদন করিতেছি এবং ঘোষণা করিতেছি যে,
 দাখিলকৃত নকশার ক্ষেত্র সঠিক এবং এই দরখাস্তে বর্ণিত সকল তথ্যাবলী ও দাবিলী নকশায়
 সনত্ত বিবরণ সত্য ও সঠিক।

আবেদনকারীর স্বাক্ষর

নাম

ঠিকানা

ফোন নং (যদি থাকে)

বোর্ডের আদেশক্রমে

শফিক আলম মেহেদী

ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার।